



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১১৭

তারিখ: ১৮/০৮/২০২১খ্রি:

**বিষয় : এসএসসি পরীক্ষা ২০২১ এর পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে অ্যাসাইনমেন্ট কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন প্রতিষ্ঠান প্রধান কর্তৃক “অ্যাসাইনমেন্ট কার্যক্রম মনিটরিং কমিটি” গঠন সংক্রান্ত।**

সূত্র: ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-২).০০১.২০-২৯৪, তারিখ-১৮/০৭/২০২১খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমিক শাখা কর্তৃক গত ১৮/০৭/২০২১খ্রি: তারিখের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-২).০০১.২০-২৯৪ মোতাবেক এসএসসি পরীক্ষা ২০২১ এর পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে অ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা’ শিরোনামে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বর্ণিত নির্দেশনা পত্রের আলোকে মাঠ পর্যায়ে শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট এর কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে কি না তা সরেজমিন নিবিড়ভাবে মনিটরিং করার লক্ষ্যে মাউশি অধিদপ্তরের আওতাধীন সকল মাধ্যমিক পর্যায়ের সরকারি ও বেসরকারি বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের নেতৃত্বে “অ্যাসাইনমেন্ট কার্যক্রম মনিটরিং কমিটি” নামে একটি কমিটি গঠন করবেন।

#### উক্ত কমিটির করণীয় বিষয়সমূহ নিম্নরূপ-

১. সকল পরীক্ষার্থী যেন অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করে সে বিষয়টি নিশ্চিত করবেন।
২. শিক্ষার্থীরা যেন কোনক্রমেই অ্যাসাইনমেন্টগুলোতে নকল বা কোন প্রকারের অসদুপায় অবলম্বন না করে সে বিষয়টি নিশ্চিত করবেন। কোন শিক্ষার্থী যদি অ্যাসাইনমেন্টে নকলের আশ্রয় নিয়েছে বলে প্রতীয়মান হয় তাহলে তা বাতিল পূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করবেন এবং বিষয়টির যেন পুনরাবৃত্তি না ঘটে সে ব্যাপারে শিক্ষার্থীকে সতর্ক করবেন।
৩. শিক্ষার্থীরা যেন অ্যাসাইনমেন্টগুলো স্বহস্তে লিখে সে বিষয়টি নিশ্চিত করবেন।
৪. নির্দেশনা মোতাবেক অ্যাসাইনমেন্টগুলো শিক্ষকগণ কর্তৃক যথাযথভাবে মূল্যায়ন, সংরক্ষণ এবং নম্বরসমূহ সঠিকভাবে এক্সেল শিটে এন্ট্রি করা হচ্ছে কি না তা কমিটি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন।
৫. বর্ণিত কমিটি নিজ নিজ প্রতিষ্ঠানে চলমান অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে কার্যকর করার লক্ষ্যে সার্বিকভাবে পর্যবেক্ষণ করবেন।
৬. অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমিক শাখা হতে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৭. উপরোল্লিখিত নির্দেশনাবলী পালনকালে চলমান কোভিড-১৯ অতিমারির কারণে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধিকে যথাযথভাবে মেনে চলতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

  
18.08.2021

(প্রফেসর মো: আমির হোসেন)

পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

তারিখ: ১৮/০৮/২০২১খ্রি:


#### প্রতিষ্ঠান প্রধান (সকল)

সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১১৭

#### সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর(পত্রটি মাউশি’র ওয়েবসাইটে এবং মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান কর্নারে প্রকাশের অনুরোধসহ)
- ৪। আঞ্চলিক উপ-পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৫। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
- ৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল )
- ৭। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৮। পিএটু পরিচালক, মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৯। সংরক্ষণ নথি।



(লাইলুন নাহার)

সহকারী পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা